

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
আশ্রয়ণ-২ প্রকল্প
তেজগাঁও, ঢাকা।

নং- ০৩.৭০১.০১০.০০.০০.৫৭১.২০১৩- ৬৩৬

তারিখ ১৬/০৯/২০১৫ খ্রিঃ

বিষয় : আউটসোর্সিং এর মাধ্যমে উপকারভোগীদের ডাটাবেইজ ইনপুটের জন্য প্রতিটি উপজেলায় ২ (দুই) জন জনবল অস্থায়ীভাবে নিয়োগ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আশ্রয়ণ-২ প্রকল্পের মাধ্যমে পুনর্বাসিত পরিবারগুলোর কোন ডাটাবেইজ নেই। কিন্তু পরিবারগুলোর দারিদ্র বিমোচন ও পুনর্বাসনের স্বার্থে তাদের ডাটাবেইজ থাকা অত্যন্ত জরুরী, তৎপ্রেক্ষিতে ২০১৩-১৪ অর্থ বছরে উপকারভোগীদের ডাটাবেইজ তৈরী করার জন্য একটি সফটওয়্যার তৈরী করা হয়। গত ১০/০২/২০১৪ খ্রিঃ তারিখে ডাটাবেইজে পুনর্বাসিত পরিবারের তথ্য ইনপুট প্রদান করার জন্য উপজেলা নির্বাহী অফিসারদের নির্দেশ প্রদান করা হলেও জনবলের অভাব থাকায় মাঠ পর্যায়ে কাজের তেমন কোন অগ্রগতি হয়নি।

০২। এমতাবস্থায়, আউটসোর্সিং এর মাধ্যমে উপকারভোগীদের ডাটাবেইজে ইনপুট দেয়ার জন্য প্রতিটি উপজেলায় ডাটা সংগ্রহ করে তা ডাটাবেইজে ইনপুট দেয়ার যোগ্যতা সম্পন্ন ২ (দুই) জন জনবল নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ীভাবে (২ মাসের জন্য) নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

শর্তসমূহ :

০৩।

- ১০-২০ টি পরিবার বিশিষ্ট প্রতিটি প্রকল্পের জন্য যাতায়াত ভাতা ২০০ টাকা।
- ২১-২০০ টি পরিবার বিশিষ্ট প্রতিটি প্রকল্পের জন্য যাতায়াত ভাতা ৪০০ টাকা।
- ২০১-৪০০ টি পরিবার বিশিষ্ট প্রতিটি প্রকল্পের জন্য যাতায়াত ভাতা ৫০০ টাকা।
- ৪০১ থেকে ততোধিক পরিবার বিশিষ্ট প্রতিটি প্রকল্পের জন্য যাতায়াত ভাতা ৬০০ টাকা।
- প্রতিটি পরিবারের তথ্য সংগ্রহ বাবদ ২০ টাকা।
- প্রকল্প প্রতি আনুষ্ঠানিক বাবদ ২০০ টাকা।


০৪।

- সংগ্রহ ও ইনপুটকৃত তথ্য জেলা প্রশাসক যাচাই করবে ১০%, উপজেলা নির্বাহী কর্মকর্তা যাচাই করবে ১৫% এবং প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা যাচাই করবে ২০%।
- সকল জেলা ও উপজেলায় সমান সংক্ষম প্রকল্প নেই সুতরাং জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তাগণ নিজ নিজ জেলা ও উপজেলার আশ্রয়ণ প্রকল্পের ক্লাস্টার তৈরীর মাধ্যমে বিষয়টি সমন্বয় করবেন।
- আগামী ০২ (দুই) মাসের মধ্যে ডাটাবেইজে ডাটা ইনপুট প্রদানের কাজ সম্পন্ন করতে হবে।

০৫। ডাটাবেইজে তথ্য ইনপুট প্রদানের কাজ সম্পন্ন হলে প্রকল্প অফিসে প্রতিবেদন প্রেরণ করতে হবে। প্রাপ্ত প্রতিবেদনের ভিত্তিতে উপজেলা নির্বাহী কর্মকর্তার অনুকূলে অর্থ বরাদ্দ প্রদান করা হবে।

সংযুক্তিঃ

- ০১। Online Database এর User ID এবং Password।
- ০২। নির্ধারিত ছক।



(মোঃ নূরুন্নবী)

উপ-প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)

৯১১৪৩২১

প্রাপকঃ

উপজেলা নির্বাহী অফিসার

..... উপজেলা, জেলাঃ

অনুলিপিঃ

- ০১। বিভাগীয় কমিশনার (সকল).....।
- ০২। জেলা প্রশাসক..... (সকল)।
- ০৩। মুখ্য সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় (মুখ্য সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৪। সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৫। ব্যক্তিগত কর্মকর্তা, আশ্রয়ণ-২ প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয় (প্রকল্প পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৬। অফিস কপি।